গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
নওগাঁ।

স্মারক নং-৩৪.০১.৬৪০০.০০০.৩৮.৩৭৩.২০২১- ৩২৩ তারিখঃ ২৭/০৯/২০২৩খ্রিঃ।

"ভর্তি বিজ্ঞপ্তি"

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন "যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ" প্রকল্পের আওতায় দেশে পরিবহন খাতে দূর্ঘটনা রোধে দক্ষ গাড়ী চালক তৈরীর মাধ্যমে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টি এবং দারিদ্র বিমোচনের পাশাপাশি টেকসই জীবীকা নিশ্চিতকরণের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ জেলা কার্যালয়ের আওতায় **২০২৩-২৪ অর্থ বছরের ৫ম ও ৬ষ্ঠ ব্যাচে(নভেম্বর ও ডিসেম্বর /২৩) ২১-৩৫** বছর বয়সের বেকার যুবক ও যুব নারীর নিকট থেকে "যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ"(মটর ড্রাইভিং) কোর্সে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরম/সাদা কাগজে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলীঃ

ক্রঃ নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা ও বয়স	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ও সময়	নওগাঁ জেলার জন্য সাক্ষাৎকারের তারিখ ও সময়	ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ
০১	যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ (মটর ড্রাইভিং)	ন্যূনতম ৮ম শ্রেণী এবং ২১ - ৩৫ বছর	প্রতি ব্যাচে নওগাঁ জেলার জন্য ২০ জন এবং রাজশাহী জেলার জন্য ২০ জন মোট ৪০ জন। **২টি ব্যাচের জন্য আসন** নওগাঁ জেলার জন্য ২০ × ২ = ৪০ জন রাজশাহী জেলার জন্য ২০ × ২= ৪০ জন " মোট = ৮০ জন	০১(এক) মাস	২৬/১০/২০২৩ খ্রি. বিকেল ৪:০০টা পর্যন্ত	২৯/১০/২০২৩খ্রি. সকাল ১০:০০টা	০১/১১/২০২৩

ভর্তির শর্তাবলীঃ

১। নওগাঁ জেলার জন্য উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ বরাবরে নির্ধারিত ফরম অথবা সাদা কাগজে আবেদন করতে হবে।
২। আবেদনপত্রে (ক) নাম (বাংলা ও ইংরেজী),(খ)পিতার নাম (বাংলা ও ইংরেজী), (গ)মাতার নাম((বাংলা ও ইংরেজী), (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ,(ছ) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স,(জ) জাতীয় পরিচয়পত্র /জন্ম নিবন্ধনপত্র, (ঝ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ঞ) মোবাইল নম্বর, (ট) জাতীয়তা (ঠ) রক্তের গ্রুপ ঢ) ধর্ম উল্লেখ করতে ।
০৩। নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইট অথবা উপ-পরিচালকের কার্যালয় ,যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁয় পাওয়া যাবে।
০৪। আবেদন পত্রের সাথে (ক) শিক্ষগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি, (খ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ ও বেকারত্ব সনদ, (গ) জাতীয় পরিচয়পত্র (NID) (ঘ) সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে।
০৫। আবেদন পত্র প্রাথিমিক যাচাই বাছাই পূর্বক লিখিত/মৌখিক পরীক্ষার মাধ্যেমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
০৬। সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে উপস্থিত হতে হবে।
০৭। সাক্ষাৎকারের সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদ এবং জাতীয় পরিচয়পত্র মূল কপি সংগে আনতে হবে।
০৮। রাজশাহী জেলার সর্বোচ্চ ১৫ জন প্রশিক্ষণার্থীর আবাসিক সুবিধা প্রদান করা হবে।
০৯। ভর্তিকৃত প্রশিক্ষণার্থীগণকে অবশ্যই অত্র প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম-কানুন মেনে চলতে হবে এবং নিয়মিত ক্লাসে উপস্থিত থাকতে হবে।
১০। ভর্তিকৃত প্রশিক্ষণার্থীদের ক্লাসে উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১৫০(একশত পঞ্চাশ) টাকা ভাতা প্রদান করা হবে।
১১। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
১২। আরেদনকারীর কোন প্রকার লার্নার/ লাইসেন্স থাকলে তা বাতিল করে আসতে হবে ।

মুঃ জাবেদ ইকবাল
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর , নওগাঁ

স্মারক নং-৩৪.০১.৬৪০০.০০০.৩৮.৩৭৩.২০২১- ৩২৩ তারিখঃ ২৭/০৯/২০২৩খ্রিঃ।
অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক (যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ প্রকল্প) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, নওগাঁ
০৪। অধ্যক্ষ,টেকনিক্যাল ট্রেনিং কলেজ,নওগাঁ।
০৫। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর , রাজশাহী। তাঁকে প্রতি ব্যাচের জন্য ২০ (বিশ) জন করে ২টি ব্যাচের জন্য মোট ৪০ জন প্রশিক্ষণার্থীকে মনোনয়ন দিয়ে ০১/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে পৃথক পৃথক তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।
০৬। জেলা তথ্য অফিসার, নওগাঁ (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হলো)।
০৭। উপজেলা নির্বাহী অফিসার (সদর/ রাণীনগর/আত্রাই/ বদলগাছী/ মান্দা/ মহাদেবপুর/ পত্নীতলা/ ধামইরহাট/ সাপাহার/ নিয়ামতপুর/ পোরশা) ,নওগাঁ।
০৮। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র ,নওগাঁ
০৯। সহকারী পরিচালক,বি,আর,টি,এ,নওগাঁ।
১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,নওগাঁ(সকল) ।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১২। নোটিশ বোর্ড/অফিস কপি।

মাহমুদ আকতার
সহকারী-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর , নওগাঁ
তারিখঃ ২৭/০৯/২০২৩